

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯০৬

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, কিরান হজকারী ব্যক্তি দুই তাওয়াফ ও দুই সাঈ করবে, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن القارن يطوف طوافين ويسعى سعيتين

আরবী

3906 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانَ الطَّائِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ حَجَّةِ الْوَدَاعِ فَأَهْلَلْنَا بِعُمْرَةٍ ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ كَانَ مَعَهُ هَدْيٌ فَلْيُهِلَّ بِالْحَجِّ مَعَ الْعُمْرَةِ ثُمَّ لَا يَحِلُّ حَتَّى يَحِلَّ مِنْهُمَا جَمِيعًا) قَالَتْ: فَقَدِمْتُ مَكَّةَ وَأَنَا حَائِضٌ لَمْ أَطْفُءِ بِالْبَيْتِ وَلَا بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ فَشَكَوْتُ ذَلِكَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (انْقُضِي رَأْسَكَ وَامْتَشِطِي وَأَهْلِي بِالْحَجِّ وَدَعِي الْعُمْرَةَ) قَالَتْ: فَفَعَلْتُ فَلَمَّا قَضَيْنَا الْحَجَّ أَرْسَلَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ إِلَى التَّنْعِيمِ فَأَعْتَمَرْتُ فَقَالَ: (هَذَا مَكَانُ عُمْرَتِكَ) قَالَتْ: فَطَافَ الَّذِينَ أَهَلُّوا بِالْعُمْرَةِ بِالْبَيْتِ وَبَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ ثُمَّ حَلُّوا ثُمَّ طَافُوا طَوَافًا آخَرَ بَعْدَ أَنْ رَجَعُوا مِنْ مَنَى بِحَجَّتِهِمْ وَأَمَّا الَّذِينَ كَانُوا أَهَلُّوا بِالْحَجِّ وَجَمَعُوا الْحَجَّ وَالْعُمْرَةَ فَإِنَّمَا طَافُوا طَوَافًا وَاحِدًا

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3906 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1560): ق.

বাংলা

৩৯০৬. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে বিদায় হজে বের হই। অতঃপর আমরা উমরাহর জন্য ইহরাম বাঁধি। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যার সাথে হাদী (কুরবানীর পশু) রয়েছে, সে যেন উমরাহর সাথে হজের ইহরাম বাঁধে। তারপর সে উভয়টি থেকে হালাল না হওয়া পর্যন্ত হালাল হবে না।”

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “আমি হায়েয অবস্থায় মক্কায় প্রবেশ করি। আমি বাইতুল্লাহ ও সাফা-মারওয়ার মাঝে তাওয়াফ করতে পারি নাই। ফলে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে অনুযোগ করলে তিনি বলেন, “তুমি তোমার মাথার চুল খুলে চিরুণী করো, অতঃপর হজের ইহরাম বাঁধ আর উমরাহ ছেড়ে দাও।”

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি তাই করি। অতঃপর যখন আমরা হজ সম্পন্ন করি, তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আব্দুর রহমান বিন আবু বকর রাদিয়াল্লাহু আনহুমাৰ সাথে আমাকে তানঈমে পাঠান। অতঃপর আমি উমরাহ করি। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমার ঐ উমরাহর স্থলে এই উমরাহ (সম্পাদিত হলো)।”

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর যারা উমরাহর ইহরাম বেঁধেছিল, তারা বাইতুল্লাহ ও সাফা-মারওয়ার মাঝে সাঈ করেন। তারপর তারা হালাল হয়ে যান। তারপর তারা হজে মিনা থেকে প্রত্যাবর্তন করার পর আরেক তাওয়াফ করেন। আর যারা হজের ইহরাম বেঁধেছিল, এবং হজ ও উমরাহ একসাথে করে নিয়েছিলেন, তারা কেবল এক তাওয়াফ করেন।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৫৫৬; সহীহ মুসলিম: ১২১১; আবু দাউদ: ১৭৮১; সহীহ ইবনু খুযাইমা: ২৬০৭; ইবনুল জারুদ: ৪২২; সুনান বাইহাকী: ৪/৩৪৬; হুমাইদী: ২০৩; তাহাবী: ২/১০৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৬০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93245>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন